**দৈনিক ইনকিলাব**

একাধিক সূত্রে আভাস

# ঢাবি ঘটনায় তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী সরকার কঠোর ব্যবস্থা নেবে

অলিউল্লাহ নোমান ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শামসুন্নাহার হলে সংঘটিত ঘটনায় দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা নিবে বলে আভাস পাওয়া গেছে। শামসুন্নাহার হলে সংঘটিত ঘটনার তদন্তে গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্ট পাওয়ার পরপরই সরকার দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে। গতকাল (রবিবার) সরকারের নীতিনির্ধারক মহলের একাধিক সূত্র এ আভাস দিয়েছেন।

এদিকে বিএনপি মহাসচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূইয়া গতকাল সচিবালয়ে তার কার্যালয়ে এই ঘটনার প্রতিক্রিয়া ব্যক্ত করে সাংবাদিকদের বলেন, সেদিনের ঘটনাটি ছিল দুঃখজনক। প্রধানমন্ত্রী ঘটনাটি অবহিত

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

হয়েছেন।

## কঠোর ব্যবস্থা

প্রথম পৃষ্ঠার পর

হওয়ার সাথে সাথে একজন কর্মরত বিচারপতির নেতৃত্বে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করেছেন। তিনি জানান, এই কমিটির রিপোর্ট পাওয়ার পর দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সরকারের সিনিয়র মন্ত্রী ও বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ গতকাল তার কার্যালয়ে সাংবাদিকদের বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে যা ঘটেছে তা খুবই নিন্দনীয় এবং দুঃখজনক ঘটনা। তিনি জানান, বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী যারাই এই ঘটনার জন্য দায়ী বলে চিহ্নিত হবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে কারো সাথে কোনরকমের আপোষ করা হবে না।

ছাত্র রাজনীতি সম্পর্কে ব্যারিস্টার মওদুদ আহমদ বলেন, ছাত্র সংগঠন অবশ্যই থাকবে তবে তা হতে হবে শিক্ষাঙ্গনের সমস্যা ও ছাত্র-ছাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য কাজ করবে। তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর অন্তর্ভুক্ত ছাত্র-রাজনীতি বন্ধ করতে হলে বড় রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের দরকার। জাতির বৃহত্তর স্বার্থে যাতে এই ঐকমত্যে আসা যায় এজন্য বর্তমান সরকার উদ্যোগ নিবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের ঘটনা তদন্তের জন্য গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিটি আগামী ২ আগস্টের মধ্যে রিপোর্ট পেশ করবে। গত ২৫ জুলাই সরকার হাইকোর্ট বিভাগের বিচারপতি মোঃ তাফাজ্জল ইসলামের নেতৃত্বে এই কমিটি গঠন করে।